

এসএসসি পাস করেনি ৬ লাখ শিক্ষার্থী

অনলাইন ডেক্স



প্রতীকী ছবি

এ বছর মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান

পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেনি ৬ লাখ ৬৬০ শিক্ষার্থী। সারা দেশে

পাসের হার ৬৮ দশমিক ৪৫ শতাংশ। বৃহস্পতিবার (১০ জুলাই)

দুপুরে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান

পরীক্ষার ফল প্রকাশ করা হয়। ফল প্রকাশ করেন বাংলাদেশ আন্ত

শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের

চেয়ারম্যান প্রফেসর ড. খন্দকার এহসানুল কবির।

প্রকাশিত ফলাফল বিশ্লেষণ করে দেখা যায়, এ বছর ৯টি সাধারণ

শিক্ষা বোর্ড, মাদরাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ৩ হাজার

৭১৪টি কেন্দ্রে ৩০ হাজার ৮৮টি শিক্ষাপ্রতিষ্ঠানের মোট ১৯ লাখ ৪

হাজার ৮৬ জন শিক্ষার্থী পরীক্ষা দেয়। এর মধ্যে উত্তীর্ণ হয় ১৩

লাখ ও হাজার ৪২৬ জন পরীক্ষার্থী। অর্থাৎ পরীক্ষায় উত্তীর্ণ হতে
পারেনি ৬ লাখ ৬৬০ জন পরীক্ষার্থী।

মু



রংপুরের ১৩ স্কুলে কেউ পাস করেনি

৯টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষায় অংশ নেয় ১৪ লাখ
৭৯ হাজার ৩১০ জন শিক্ষার্থী।

এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ১০ লাখ ৬ হাজার ৫৫৪ জন শিক্ষার্থী।

উত্তীর্ণ হতে পারেনি ৪ লাখ ৭২ হাজার ৭৫৬ জন শিক্ষার্থী।

মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষায় অংশ নেয় ২ লাখ ৮৬
হাজার ৫৭২ জন শিক্ষার্থী। এর মধ্যে পরীক্ষায় পাস করে ১ লাখ
৯৫ হাজার ১১৫ জন শিক্ষার্থী।

উত্তীর্ণ হতে পারেনি ৯১ হাজার ৪৫৭ জন শিক্ষার্থী।

কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষায় অংশ নেয় ১ লাখ ৩৮
হাজার ২০৮ জন শিক্ষার্থী। এর মধ্যে পাস করেছে ১ লাখ ১
হাজার ৭৫৭ জন শিক্ষার্থী। পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেনি ৩৬
হাজার ৪৪৭ জন শিক্ষার্থী।

